রেজিস্টার্ড নং ডি এ-১

আয়ুর্বেদিক কারখানা/০৯
শ্রীং ঢেমাবি৮

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১২ অগ্রহায়ণ ১৪১৬/২৬ নভেম্বর ২০০৯

এস. আর. ও. নং ২৫০-আইন/২০০৯/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-১০/২০০৯।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিগত ১৩ মাঘ ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ তারিখ জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪-আইন/২০০৯/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-৪/২০০৮ বাতিলক্রমে উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন মজুরী বোর্ড কর্তৃক "আয়ুর্বেদিক কারখানা" শিল্প সেক্টরের শ্রমিকগণের জন্য সুপারিশকৃত নিম্নতম মজুরীর হার, নিম্নে উল্লিখিত তফসিল "ক" ও "খ" এ বর্ণিত হারে এবং শর্ত সাপেক্ষে, ঘোষণা করিল, যথা ঃ—

তফসিল "ক"

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | প্রান্তিক ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| উচ্চতর দক্ষ-১ ঃ | ৫,০০০ | ৩,১০০ | ৮,১০০ |
| ১। প্যাকার ইনচার্জ; | | | |
| ২। ফ্যাক্টরী সুপারভাইজার; ও | | | |
| ৩। ওয়ার্কার সুপারভাইজার। | | | |



মূল্য ঃ টাকা ৪.০০

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| দক্ষ-১ ঃ<br>১। মেশিন মিস্ত্রি;<br>২। ইলেকট্রিক ইনচার্জ;<br>৩। চূর্ণ মেশিন মিস্ত্রি;<br>৪। মেশিন অপারেটর/সহকারী সুপারভাইজার; ও<br>৫। সিনিয়র ইলিকট্রিশিয়ান/সহকারী ওয়ার্কার সুপারভাইজার। | ৪,৩০০ | ২,৭৫০ | ৭,০৫০ |
| দক্ষ-২ ঃ<br>১। পার্শেল প্যাকার;<br>২। বড়ি তৈয়ারকারী;<br>৩। তৈল জ্বাল দেনেওয়ালা;<br>৪। অবলেহ জ্বাল দেনেওয়ালা<br>৫। অরিস্ট জ্বাল দেনেওয়ালা<br>৬। ঔষধ ফিলটারকারী;<br>৭। দশন চূর্ণ প্রস্তুতকারী;<br>৮। সহকারী মেশিন অপারেটর;<br>৯। সিনিয়র ওয়ার্কার/সিনিয়র প্যাকার; ও<br>১০। ইলিকট্রিশিয়ান। | ৩,৫০০ | ২,৩৫০ | ৫,৮৫০ |
| আধাদক্ষ-১ ঃ<br>১। মেশিন হেলপার;<br>২। সহকারী প্যাকার;<br>৩। বটলার্স;<br>৪। চূর্ণ মেশিন সহকারী;<br>৫। অরিস্ট ফিলটারকারী;<br>৬। সহকারী মেশিন ম্যান; ও<br>৭। ইলিকট্রিশিয়ান। | ৩,১০০ | ২,১৫০ | ৫,২৫০ |
| আধাদক্ষ-২ ঃ<br>১। জুনিয়র প্যাকার;<br>২। প্যাকার/ওয়ার্কার/হেলপার; ও<br>৩। ক্লিনার/সুইপার। | ২,৮৫০ | ২,০২৫ | ৪,৮৭৫ |
| অদক্ষ ঃ<br>১। ট্রাক হেলপার;<br>২। শিশি/বোতল ক্লিনার;<br>৩। সাধারণ শ্রমিক; ও<br>৪। প্যাকার/ওয়ার্কার/ক্লিনার/হেলপার/সুইপার। | ২,৫০০ | ১,৮৫০ | ৪,৩৫০ |

**নোট ঃ** শিক্ষানবিসগণ মাসে ৩,০০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা সংশ্লিষ্ট বিভাগে অদক্ষ গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল "খ"

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | প্রান্তিক ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| গ্রেড-১ ঃ | ৫,৫০০ | ৩,৩৫০ | ৮,৮৫০ |
| ১। অফিস ইনচার্জ; | | | |
| ২। কেমিস্ট; | | | |
| ৩। কবিরাজ; | | | |
| ৪। হিসাব রক্ষক; | | | |
| ৫। সুপারভাইজার; | | | |
| ৬। উচ্চমান সহকারী/এম.আর; | | | |
| ৭। সহকারী কেমিস্ট/ডিপ্লোমা চিকিৎসক; ও | | | |
| ৮। উচ্চমান হিসাব সহকারী/কম্পিউটার অপারেটর। | | | |
| গ্রেড-২ ঃ | ৪,৭৫০ | ২,৯৭৫ | ৭,৭২৫ |
| ১। পার্শেল ইনচার্জ; | | | |
| ২। ক্যাশিয়ার; | | | |
| ৩। শাখা ইনচার্জ; | | | |
| ৪। স্টোর কিপার; | | | |
| ৫। সহকারী কবিরাজ; | | | |
| ৬। সহকারী হিসাব রক্ষক; | | | |
| ৭। সহকারী কেমিস্ট; | | | |
| ৮। তৈলঘর ইনচার্জ; | | | |
| ৯। বটিঘর ইনচার্জ; ও | | | |
| ১০। স্টোর হিসাব সহকারী/হিসাব সহকারী। | | | |
| গ্রেড-৩ ঃ | ৪,০০০ | ২,৬০০ | ৬,৬০০ |
| ১। ড্রাইভার; | | | |
| ২। টাইপিস্ট; ও | | | |
| ৩। নিম্নমান সহকারী। | | | |
| গ্রেড-৪ ঃ | ৩,৫০০ | ২,৩৫০ | ৫,৮৫০ |
| ১। সহকারী স্টোর কিপার; ও | | | |
| ২। সহকারী সেকশন সুপারভাইজার। | | | |
| গ্রেড-৫ ঃ | ৩,০০০ | ২,১০০ | ৫,১০০ |
| ১। সহকারী টাইপিস্ট/সহকারী কম্পিউটার অপারেটর; | | | |
| ২। সহকারী ড্রাইভার; ও | | | |
| ৩। হেলপার। | | | |
| গ্রেড-৬ ঃ | ২,৬০০ | ১,৯০০ | ৪,৫০০ |
| ১। পিয়ন; ও | | | |
| ২। দারোয়ান। | | | |

নোট ঃ শিক্ষানবিসগণ মাসে ৩,৫০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা সংশ্লিষ্ট বিভাগের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

ব্যাখ্যা ঃ

১। এই প্রজ্ঞাপনে প্রান্তিক ভাতা বলিতে—

(ক) বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৫০% মাসিক;

(খ) চিকিৎসা ভাতা ৫০০ টাকা মাসিক; ও

(গ) যাতায়াত ভাতা ১০০ টাকা মাসিক।

২। অন্যান্য সুবিধাদি বলিতে—

(ক) অধিককাল ভাতা (Overtime allowance) ঃ শ্রম আইনের ১০৮ ধারানুযায়ী ৮ ঘন্টার পর অতিরিক্ত কাজের জন্য মজুরী প্রদেয়; ও

(খ) উৎসব ভাতা ঃ যেখানে যাহা প্রচলিত আছে তাহা বহাল থাকিবে।

শর্তাবলী ঃ

(১) তফসিল "ক" ও "খ" এ বর্ণিত নিম্নতম মজুরী বাংলাদেশে অবস্থিত সকল এলাকার জন্য প্রযোজ্য হইবে।

(২) এই সুপারিশ ঘোষণার পর হইতে "আয়ুর্বেদিক কারখানা" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্ট্রারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) তফসিল "ক" ও "খ" এ বর্ণিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৪) যদি "আয়ুর্বেদিক কারখানা" শিল্প সেক্টরের মালিক শ্রমিকদিগকে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৫) তফসিল "ক" ও "খ" এ বর্ণিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যেসব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

(৬) আয়ুর্বেদিক শিল্প কারখানার অনুরূপ পদে কর্মরত শ্রমিকগণের ন্যায় ইউনানী কারখানায় কর্মরত শ্রমিকগণের জন্যও এ মজুরী হার প্রযোজ্য হইবে।

(৭) কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৩ মাঘ ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবিদুর রহমান**
উপ-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক এর অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd